ভারতের দিল্লিতে করোনা ভাইরাসে ডাক্তার আক্রান্ত, ৮০০ জন কোয়ারেন্টিনে

কমিউনিটি ক্লিনিকের ডাক্তারের শরীরে করোনাভাইরাসের লক্ষণ দেখা দেওয়ার পর পরীক্ষা করা হয়। এতে করোনা পজিটিভ ধরা পড়েছে। ফলে তার সংস্পর্শে যাওয়া আটশ জনকে হোম-কোয়ারেন্টিনে রাখা হয়েছে। ঘটনাটি ঘটেছে ভারতের দিল্লিতে।

জানা গেছে, গত ১২ মার্চ থেকে ১৮ মার্চ পর্যন্ত যারা ওই ডাক্তারের সংস্পর্শে গেছেন, তাদের সবাইকে আজ থেকে ১৫ দিনের জন্য কোয়ারেন্টিনে থাকার কথা বলা হয়েছে। ওই ডাক্তারের সংস্পর্শে যাওয়া কারো মধ্যে করোনার লক্ষণ দেখা দিলে স্থানীয় সরকারকে জানাতে বলেছেন শাহদারা এলাকার সাব-ডিভিশনাল ম্যাজিস্ট্রেট।

দিল্লির স্বাস্থ্য কর্মকর্তারা এরই মধ্যে একটি বিবৃতি দিয়েছেন। তাতে বলা হয়েছে, কমিউনিটি ক্লিনিকের চিকিৎসক গোপাল ঝা করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন। ওই ক্লিনিক বন্ধ করে দিয়ে জীবাণুনাশক ছেঁটানো হয়েছে। ওই হাসপাতালে ১২ মার্চ থেকে ১৮ মার্চের মধ্যে যাওয়া কেউ আক্রান্ত হওয়ার শঙ্কা থাকলে জরুরি ভিত্তিতে যোগাযোগ করার অনুরোধ জানানো হয়েছে।

কালের কণ্ঠ অনলাইন

২ জনকে গুলি করে হত্যা,লকডাউন অমান্য

করোনাভাইরাসের প্রকোপ কমাতে দেশব্যাপী ঘোষিত লকডাউন অমান্য করে বাড়ির বাইরে আসায় রুয়ান্ডায় দুই যুবককে গুলি করে হত্যা করেছে পুলিশ। গতকাল বুধবার এ ঘটনা ঘটে।

ওয়াশিংটন পোস্টের খবরে জানানো হয়, রুয়ান্ডা ন্যাশনাল পুলিশের মুখপাত্র জন বস্কো ক্যাবেরা বলেন, নিহত দুই যুবক পুলিশের সঙ্গে ধস্তাধস্তি শুরু করেন। এরপর গুলি করা হয়।

পূর্ব আফ্রিকার দেশগুলোর মধ্যে রুয়ান্ডার করোনাভাইরাসে আক্রান্ত মানুষের সংখ্যা সবচেয়ে বেশি। আর উপসাহারা অঞ্চলের দেশের মধ্যে এখানেই প্রথম করোনাভাইরাসের সংক্রমণ রোধে লকডাউন ঘোষণা করা হয়। সপ্তাহব্যাপী লকডাউন শুরু হয় গত রোববার থেকে। শুধু জরুরি পরিষেবাগুলো এ সময় চালু আছে।

Lifebuoy Soap
রুয়ান্ডা থেকে পেরু, জর্ডান থেকে ইতালি—বিশ্বের বিভিন্ন দেশে লকডাউনের বিষয় নিশ্চিত করতে নিরাপত্তা বাহিনী মোতায়েন করেছে।

অনলাইন ডেস্ক প্রথম আলো

বকেয়া বেতনের দাবিতে বিক্ষোভ, পুলিশের গুলিতে নিহত ১

দিনাজপুরের বিরল উপজেলায় বকেয়া বেতনের দাবিতে পাটকলশ্রমিকদের বিক্ষোভের সময় গুলিতে একজন নিহত হয়েছেন। আহত হয়েছেন ১০ থেকে ১২ জন। গতকাল বুধবার রাত সাড়ে ১০ টার দিকে উপজেলার বিরল ইউনিয়নের রবিপুর গ্রামে পাটকলের প্রধান ফটকে এই ঘটনা ঘটে।

নিহত ব্যক্তির নাম সুরত আলী (৩৬)। তিনি পাটকলের পাশের চায়ের দোকানি ও বিরল পৌর এলাকার হোসনা গ্রামের মোহাম্মদ আলীর ছেলে।

পুলিশ ও প্রত্যক্ষদর্শী সূত্রে জানা যায়, প্রায় তিন সপ্তাহের বকেয়া বেতনের দাবিতে বুধবার সন্ধ্যা থেকে রূপালী জুট মিলের সামনে শ্রমিকেরা বিক্ষোভ শুরু করেন। সন্ধ্যা থেকে আলোচনার মাধ্যমে সমঝোতার চেষ্টা করেন মিলের ব্যবস্থাপনা পরিচালক এম আব্দুল লতিফ। পরে এম আব্দুল লতিফ ঘটনাস্থলে এসে শ্রমিকদের শান্ত করার চেষ্টা করেন। কিন্তু শ্রমিকেরা উত্তেজিত হয়ে মিলের কার্যালয় ভাঙচুর শুরু

করেন। এ সময় পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণে গুলি ছোড়ে ও কাঁদানে গ্যাসের শেল নিক্ষেপ করে।

বিরল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শেখ নাসিম হাবিব এক ব্যক্তির নিহত হওয়ার সত্যতা নিশ্চিত করেছেন। তিনি বলেন, শ্রমিকদের হামলায় ৩ পুলিশ সদস্যও আহত হয়েছেন। শ্রমিকদের শান্ত করার চেষ্টা করা হয়েছে। পুলিশের কথায় কর্ণপাত না করে তাঁরা কারখানা ভাঙচুর করেছিলেন। পুলিশ বাধা দিলে একপর্যায়ে উল্টো পুলিশের ওপর ইটপাটকেল ছুড়তে শুরু করেন শ্রমিকেরা। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পুলিশ প্রথমে কাঁদানে গ্যাসের শেল নিক্ষেপ করে এবং পরে কয়েকটি ফাঁকা গুলি ছোড়ে। এ সময় উভয় পক্ষের হামলায় একজনের মৃত্যু হয়েছে।
বিরল উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা মো. আব্দুল মোকাদ্দেস আজ বৃহস্পতিবার সকালে জানান, একজনকে মৃত অবস্থায় হাসপাতালে আনা হয়েছে। নিহত ব্যক্তির থুতনিতে একটি গুলির চিহ্ন পাওয়া গেছে। লাশ ময়নাতদন্তের জন্য দিনাজপুর এম. আব্দুর রহিম মেডিকেল কলেজ হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে।

সূত্র: প্রথম আলো#

মেহেরপুরে যে কোন সময় সেনাবাহিনী , শহর ফাঁকা

প্রায় এক মাস আগে চীনে নতুন করোনাভাইরাসের সংক্রমণ শুরু হওয়ার পর এখন তা ছড়িয়ে পড়েছে সারা বিশ্ব । এই ভাইরাসের সংক্রমণ আরও কতটা ব্যাপকভাবে ছড়াতে পারে এবং কত মানুষ এতে আক্রান্ত হতে পারে তা নিয়ে চিন্তিত বিশেষজ্ঞরা।

এখনো এটিকে বিশ্ব মহামারী বলে ঘোষণা করা হয়নি। কিন্তু বিশ্বকে এই করোনাভাইরাসের এক মহামারীর মুখোমুখি হতে হবে- এমন আশংকায় কর্মকর্তারা এখন থেকেই প্রস্তুতি নিতে শুরু করেছেন। সারা বিশ্বের ন্যায় বাংলাদেশেও ঘনীভূত করোনাভাইরাস আতঙ্ক।

করোনা ভাইরাস সংক্রমণ এড়াতে গত ২৫ থেকে দেশের সুপার মার্কেট ও ব্যবসাপ্রতিষ্ঠান বন্ধ । তবে কাঁচাবাজার, মুদি দোকান, ফার্মেসি এবং নিত্যপণ্যপর দোকান খোলা আছে।

এর ধারাবাহিকতায় বন্ধের দ্বিতীয় দিনে মেহেরপুরে সকল প্রকার ব্যবসাপ্রতিষ্ঠান বন্ধ রয়েছে। বৃহস্পতির সকালে মেহেরপুর শহরের প্রতিটি এলাকায় ঘুরে দেখা গেছে সকল প্রকার দোকানপাট বন্ধ রাখতে।

এদিকে করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে মেহেরপুর শহরের সকল ব্যবসাপ্রতিষ্ঠান বন্ধ থাকায় মূল শহর একেবারে ফাঁকা অবস্থা বিরাজ করছে। শহরে সকল প্রকার ইজিবাইক ও রিকশা চলাচল করলেও তাতে যাত্রী সংখ্যা খুবই কম দেখা গেছে।

করোনা ভাইরাসের কারণে মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের অনুষ্ঠান অনাড়ম্বরভাবে পালিত হয়েছে। মানুষজনকে খুব একটা ঘরের বাইরে বের হতে দেখা যাচ্ছে না।

আজ দিনের যেকোনো সময় সেনাবাহিনীর সদস্যরা শহরে নামতে পারেন বলে ধারণা করা হচ্ছে। এদিকে চৈত্র মাস শুরু হওয়ার পর আজই প্রথম মেহেরপুরে কড়া রোদ পড়তে শুরু করেছে। বেলা বাড়ার সাথে সাথে মেহেরপুরের প্রধান সড়কগুলো একেবারে ফাঁকা অবস্থায় দেখা গেছে।

একসাথে দুজন চলাফেরা নিষিদ্ধ

প্রাণঘাতী করোনাভাইরাসের সংক্রমণ ঠেকাতে সামাজিক দূরত্ব বজায় রাখা ও ঘরে অবস্থান নিশ্চিত করতে আজ বৃহস্পতিবার থেকে ঢাকার রাস্তায় চলাচল নিয়ন্ত্রণ করবে পুলিশ।

এ সময় সেনাবাহিনীও মাঠে থাকবে। সরকারের নানা পরামর্শ আর নির্দেশনার পরেও মানুষের মধ্যে সচেতনতা আসেনি। বরং মানুষ ঘরে থাকার চেয়ে ছুটির মুডে ঘুরে বেড়াচ্ছেন। ধর্মতাত্বিকরা বারবার ঘরে বসে নামাজ পড়ার আহ্বান জানালেও কিছু ‘অতি ধার্মিক’ লোক দেখানোর জন্য মসজিদে যাচ্ছে। এভাবেই ছড়িয়ে পড়ছে করোনাভাইরাস।

প্রয়োজন ছাড়া কাউকে রাস্তায় থাকতে দেওয়া হবে না। কেউ বের হলে

তাঁকে পুলিশের জেরার মুখে পড়তে হবে। তবে সংবাদপত্রসহ জরুরি সেবা আওতামুক্ত থাকবে।

নির্দেশনা অনুযায়ী আজ থেকে সারাদেশে একসাথে দুজন চলাফেরা করতে পারবে না কেউ। জরুরি কাজ ছাড়া কেউ বাড়ির বাইরে যেতে পারবে না। আর গেলেও তাকে জিজ্ঞাসাবের মুখোমুখি হতে হবে।

এমন পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে ও করোনা আক্রান্তদের চিকিৎসা নিশ্চিত করতে সারাদেশে সশস্ত্র বাহিনী নামানোর সিদ্ধান্ত নিয়েছে সরকার। উপকূলীয় এলাকায় কাজ করবে নৌবাহিনী। জরুরি ওষুধ সরবরাহ ও চিকিৎসা নিশ্চিত করবে বিমান বাহিনী আর শহরগুলোতে সার্বিক নির্দেশনা বাস্তবায়ন করবে সেনাবাহিনী।

কুষ্টিয়ায় দৈনিক দিনের খবর পত্রিকার উদ্যোগে ভাইরাস নাশক স্প্রে কর্মসূচি অনুষ্ঠিত

কুষ্টিয়ায় দৈনিক দিনের খবর পত্রিকার উদ্যোগে বিভিন্ন যানবাহনে ভাইরাস নাশক স্প্রে কর্মসূচি পালিত হয়েছে।

গতকাল বিকেল থেকে সন্ধ্যা পর্যন্ত শহরের শাপলা চত্বরে এ কর্মসূচি পালন করা হয়। শহরে আসা বিভিন্ন ভ্যান,রিক্সা, ইজি বাইক, মোটর সাইকেল সহ বিভিন্ন যানবাহনে এ ভাইরাস নাশক স্প্রে করা হয়।

এসময় এ কর্মসূচিতে উপস্থিত ছিলেন দৈনিক দিনের খবরের উপদেষ্টা ও কুষ্টিয়া চেম্বার অব কমার্সের সহ-সভাপতি এস এম কাদেরী শাকিল, কুষ্টিয়া থেকে প্রকাশিত দৈনিক দিনের খবর পত্রিকার প্রকাশক ও সম্পাদক ফেরদৌস রিয়াজ জিল্লু, যমুনা টেলিভিশনের কুষ্টিয়া প্রতিনিধি মাহাতাব উদ্দিন লালন, দৈনিক দিনের খবর পত্রিকার পরিচালনা পর্ষদের সহ সভাপতি আরিফুল ইসলাম, সাধারণ সম্পাদক জাহিদ হোসেন, কোষাধ্যক্ষ আব্দুল মোমিন, ক্রীড়া সম্পাদক মোস্তাফিজুর রহমান (লিটন), সাংগঠনিক সম্পাদক রাসেল পারভেজ, যুগ্ম সম্পাদক বনি

ইসরাঈল সিদ্দিকী, ভারপ্রাপ্ত সম্পাদক আব্দুর রাজ্জাক সহ ব্যবসায়ী ও স্থানীয় ব্যক্তিবর্গ।

এসময় স্প্রে-র পাশাপাশি সবাইকে সচেতনা মূলক বক্তব্য দেওয়া হয়। বক্তারা বলেন, করোনা ভাইরাস থেকে সবাইকে সচেতন হতে হবে। নিজ নিজ জায়গা বা ব্যবহিত জিনিসপত্র ভাইরাস নাশক স্প্রে দিয়ে পরিস্কার করতে হবে। দুই হাত পরিস্কার রাখতে হবে এবং সব সময় সচেতন থেকে চলাফেরার আহ্বান জানান।

কুষ্টিয়ায় মহান স্বাধীনতা দিবস পালিত

বিশ্বব্যাপী করোনার প্রভাব বাংলাদেশেও পড়েছে। এ কারণে মহান স্বাধীনতা দিবসে সীমিত পরিসরে কুষ্টিয়া জেলা প্রশাসনের উদ্যোগে কিছু কর্মসুচী পালিত হয়েছে।

বৃহস্পতিবার ভোর ৬টায় সুর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন করা হয়। এরপর শহীদদের প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে কুষ্টিয়া জেলা প্রশাসক মো. আসলাম হোসেনের নেতৃত্বে জেলা প্রশাসনের সকল কর্মকর্তা শহরের মজমপুর গেটস্থ বঙ্গবন্ধুর ম্যুরালে পুষ্পার্ঘ অর্পণ করেন।

এসময় জেলা পুলিশ প্রশাসনের পক্ষে পুলিশ সুপার এস এম তানভীর আরাফাত পুষ্পার্ঘ অর্পণ করেন।

এসময় জেলা প্রশাসন, পুলিশ প্রশাসনের কর্মকর্তারাসহ মুক্তিযুদ্ধারা উপস্থিত ছিলেন।

আলমসাধু উল্টে প্রাণ গেল ইবি শিক্ষার্থীর

কুষ্টিয়া প্রতিনিধিঃ কুষ্টিয়ার মিরপুরে শ্যালোইঞ্জিন চালিত আলমসাধু উল্টে চাপা পড়ে শিহাব আলী (২০) নামে ইসলামী বিশ্ববিদ্যালয়ের এক শিক্ষার্থীর মৃত্যু হয়েছে।

বুধবার দিবাগত রাতে কুষ্টিয়ার মিরপুর উপজেলার সাইফুন ব্রীজ সংলগ্ন চুনিয়াপাড়া নামক স্থানে এ দুর্ঘটনা ঘটে। নিহত শিহাব আলী মিরপুর উপজেলার চুনিয়াপাড়া এলাকার মনোয়ার হোসেনের ছেলে। সে ইসলামী বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের তৃতীয় বর্ষের শিক্ষার্থী ছিলেন।

মিরপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আবুল কালাম জানান, রাতে শিহাব আলী বাড়ীতে যাওয়ার সময় শ্যালোইঞ্জিন চালিত আলমসাধু উল্টে তার নিচে চাপা পড়ে। এসময় স্থানীয়রা তাকে উদ্ধার করে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে নেওয়া হলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

মুক্ত হয়ে খালেদা জিয়া যা করতে পারবেন, যা পারবেন না

বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়াকে দুটি শর্তে ছয় মাসের জন্য মুক্তি দেয়া হচ্ছে। তার সাজা স্থগিত থাকায় অন্য বন্দির মত তিনি স্বাভাবিক চলাচলের সুযোগ পাবেন না।

নিজ বাড়িতেই সীমাবদ্ধ থাকতে হবে সাবেক এই প্রধানমন্ত্রীকে। মঙ্গলবার বিকালে হঠাৎ করেই ডাকা এক সংবাদ সম্মেলনে খালেদা জিয়াকে মুক্তি দিতে সরকারের এ সিদ্ধান্তের কথা জানান আইনমন্ত্রী আনিসুল হক।

তিনি বলেন, মানবিক দিক বিবেচনায় প্রধানমন্ত্রীর নির্দেশে দুই শর্তে তাকে মুক্তি দেয়ার এ সিদ্ধান্ত নেয়া হয়। খালেদা জিয়া বাসায় থেকে চিকিৎসা নেবেন এবং বিদেশ যেতে পারবেন না- এমন শর্তে তাকে মুক্তির সিদ্ধান্ত নিয়েছে সরকার।

আইনমন্ত্রী আনিসুল হক বলেন, ‘মন্ত্রণালয়ের মাধ্যমে আমার কাছে একটা দরখাস্ত করেছিলেন, খালেদা জিয়াকে নির্বাহী আদেশে মুক্তি দেয়ার জন্য। সেখানে অবশ্য উনি বলেছিলেন লন্ডনে উন্নত চিকিৎসার জন্য আবেদনটি করা হয়েছে।

‘এরপরে খালেদা জিয়ার ভাই শামীম ইস্কান্দার, তার বোন সেলিমা ইসলাম এবং তার বোনের স্বামী রফিকুল ইসলাম, প্রধানমন্ত্রীর সঙ্গে একই বিষয়ে সাক্ষাৎ করেছিলেন। সেখানেও এই আবেদনের বিষয়ে কথা বলেছিলেন। প্রধানমন্ত্রীর কাছে বলেছিলেন নির্বাহী আদেশে তাকে মুক্তি দেয়ার জন্য।’

তিনি বলেন, এর পরিপ্রেক্ষিতে প্রধানমন্ত্রীর নির্দেশে আইনি প্রক্রিয়ায় আমরা সিদ্ধান্ত নিয়েছি। ফৌজদারি কার্যবিধির ৪০১ ধারার উপধারা (১) অনুযায়ী খালেদা জিয়ার যে সাজা, সেটা ছয় মাসের জন্য স্থগিত রেখে মুক্তি দেয়ার জন্য আমি মতামত দিয়েছি।

এক প্রশ্নের জবাবে আইনমন্ত্রী বলেন, কিছুক্ষণ আগে আমার মতামত স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে পাঠিয়েছি এবং আমি আপনাদের এখানে উল্লেখ করেছি যে, প্রধানমন্ত্রী এ ব্যাপারে নির্দেশ দিয়েছেন এবং তার নির্দেশ হচ্ছে আইনি প্রক্রিয়ায় দুই শর্তসাপেক্ষে তার দণ্ডাদেশ স্থগিত রেখে তাকে মুক্তি দেয়ার জন্য।

অপর প্রশ্নের জবাবে তিনি বলেন, একটা কথা পরিষ্কারভাবে বলতে চাই, এখানে বলা হচ্ছে না যে তিনি হাসপাতালে গিয়ে চিকিৎসা নিতে পারবেন না। কিন্তু হাসপাতালে ভর্তির ব্যাপারে তার কন্ডিশনের ওপরে দেখা যাবে, সেই জন্যই কথাটা উল্লেখ করা হয়েছে যে, বাসায় থেকে তিনি চিকিৎসা গ্রহণ করবেন।

আর এ কারণে খালেদা জিয়াকে বয়স বিবেচনায় মানবিক কারণে সরকার সদয় হয়ে দণ্ডাদেশ স্থগিত রাখার সিদ্ধান্ত গ্রহণ করেছে। তিনি বলেন, তার সাজাটা স্থগিত করা হয়েছে ফৌজদারি কার্যবিধির ৪০১ ধারায় উপধারা (১) অনুযায়ী।

এক প্রশ্নের জবাবে বলেন, তিনি হাসপাতালে নিশ্চয়ই যেতে পারবেন।

‘কিন্তু হাসপাতালে যদি ভর্তি হতে হয়, তাহলে বাংলাদেশের সবচেয়ে মানসম্পন্ন হাসপাতাল (বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল) সেখানে তো তিনি আছেনই। সেখানে তো তার চিকিৎসা চলছেই। সেখানে ভর্তি হতে হবে, সেটা অবস্থার পরিপ্রেক্ষিতে বোঝা যাবে, কিন্তু শর্ত হচ্ছে, তিনি ঢাকাস্থ নিজ বাসায় থেকে চিকিৎসা গ্রহণ করবেন।’

আইনমন্ত্রী বলেন, ওই সময়ে তিনি দেশের বাইরে গমন করতে পারবেন না।’

জানতে চাইলে রাষ্ট্রের প্রধান আইন কর্মকর্তা অ্যাটর্নি জেনারেল

২৫ মাস পর কারামুক্ত হলেন খালেদা জিয়া

বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়া ২৫ মাস কারাগারে থাকার পর মুক্তি পেয়েছেন। মঙ্গলবার তার মুক্তির বিষয়ে আইনমন্ত্রীর ঘোষণার পর প্রয়োজনীয় আইনি প্রক্রিয়া শেষে বুধবার বিকাল ৪টা ১২ মিনিটে তিনি বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় (বিএসএমএমইউ) হাসপাতাল থেকে বের হলেন।

সেখান থেকে সরাসরি গুলশানে নিজ বাসভবন ফিরোজায় উঠবেন সাবেক এই প্রধানমন্ত্রী।

খালেদা জিয়াকে ঢাকা মেট্রো-ভ ১১-০৬৯২ নিশান প্রোটোল গাড়িতে নিয়ে বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরসহ পরিবার সদস্যরা বিএসএমএমইউ হাসপাতাল থেকে গুলশানের বাসভবনে রওনা দিয়েছেন। সঙ্গে চেয়ারপারসনের ব্যক্তিগত নিরাপত্তা বাহিনীর সদস্যদের পাঁচটি গাড়ি ও মাইক্রোবাসও রয়েছে।

এর আগে তার সাজা স্থগিতের আবেদনের ফাইলে স্বাক্ষর করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তার দণ্ডের কার্যকারিতা স্থগিত করে মুক্তির আদেশের নথি প্রধানমন্ত্রীর দপ্তর, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও কারা কর্তৃপক্ষের হাত ঘুরে বুধবার বিকালে ৩টার পর বঙ্গবন্ধু মেডিকেল বিশ্ববিদ্যালয় হাসপাতালে পৌঁছায়।

মুক্তির শর্ত হিসেবে বাসায় অবস্থান করতে হবে খালেদা জিয়াকে। চিকিৎসা নিতে হবে দেশেই। সাজা মওকুফকালীন ছয় মাস তিনি বিদেশে যেতে পারবেন না।

মঙ্গলবার বিকালে হঠাৎ করেই ডাকা সংবাদ সম্মেলনে খালেদা জিয়াকে মুক্তির বিষয়ে সিদ্ধান্তের কথা জানান আইনমন্ত্রী আনিসুল হক।

মাস্ক বিক্রি শুরু মেহেরপুরে ফুটপাতে

করোনা ভাইরাস প্রতিরোধে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে মেহেরপুরে ব্যবসায়ীরা ব্যবসা প্রতিষ্ঠান বন্ধ রাখার পর শহরের ফুটপাতে মাক্স বিক্রি শুরু হয়েছে।

বুধবার দুপুরের দিকে মেহেরপুর শহরের বড়বাজার এলাকায় বেশ কয়েকজন ব্যবসায়ী তাদের ব্যবসা কেন্দ্রের প্রধান ফটক বন্ধ রেখে সামনে মাক্স ঝুলিয়ে বিক্রি করতে দেখা গেছে।

এদিকে ক্রেতাদের অভিযোগ ১০ থেকে ১৫ টাকার মাক্স এখন ৪০/৫০ টাকায় বিক্রি হচ্ছে। এদিকে শুরু থেকেই ছাত্রদের রাস্তায় বের হওয়ার ব্যাপারে নিষেধাজ্ঞা থাকলেও রাস্তার পাশে শিশুদের মাক্স বিক্রি করতে দেখা গেছে।